

## 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৮৯৬ ৩৬/ শিষ্টাচার (كتاب الأدب) পরিচ্ছেদঃ ৪৯. প্রতিশোধ গ্রহণ

بَابٌ فِي الْإنْتِصَارِ

## আরবী

حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّاد، أَخْبَرَنَا اللَّيْتُ، عَنْ سَعِيدِ الْمَقْبُرِيِّ، عَنْ بَشِيرِ بْنِ الْمُحَرَّر، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ، أَنَّهُ قَالَ: بَيْنَمَا رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ جَالِسٌ وَمَعَهُ اَعَنْهُ وَعَعَ رَجُلٌ بِأَبِي بَكْرٍ، فَآذَاهُ، فَصِيَمَتَ عَنْهُ أَبُو بَكْرٍ ثُمَّ آذَاهُ التَّانِيَة، فَصِيَمَتَ عَنْهُ أَبُو بَكْرٍ، ثُمَّ آذَاهُ التَّانِيَة، فَصِيَمَتَ عَنْهُ أَبُو بَكْرٍ، فَقَامَ رَسُولُ اللَّهِ حِينَ انْتَصِيرَ أَبُو بَكْرٍ، فَقَالَ رَسُولُ اللَّهِ حِينَ انْتَصِيرَ أَبُو بَكْرٍ، فَقَالَ رَسُولُ اللَّهِ حِينَ النَّتَصِيرَ أَبُو بَكْرٍ، فَقَالَ أَبُو بَكْرٍ، فَقَالَ رَسُولُ اللَّهِ صِيلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: نَزَلَ فَقَالَ أَبُو بَكْرٍ قَعَ الشَّيْطَانُ، فَلَمْ أَكُنْ لِأَجْلِسَ إِذْ مَلَكُ مِنَ السَّمَاءِ يُكَذَّبُهُ بِمَا قَالَ لَكَ، فَلَمَّا انْتَصِيرُتَ وَقَعَ الشَّيْطَانُ، فَلَمْ أَكُنْ لِأَجْلِسَ إِذْ وَقَعَ الشَيْطَانُ، فَلَمْ أَكُنْ لِأَجْلِسَ إِذْ وَقَعَ الشَّيْطَانُ، فَلَمْ أَكُنْ لِأَجْلِسَ إِذْ وَقَعَ الشَّيْطَانُ

حسن

## বাংলা

৪৮৯৬। সাঈদ ইবনুল মুসাইয়াব (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সাহাবীদেরকে নিয়ে বসা ছিলেন, এ সময়ে এক লোক আবূ বকর (রাঃ)-কে গালি দিলো এবং কষ্ট দিলো, কিন্তু আবূ বকর (রাঃ) কোনো জবাব না দিয়ে চুপ রইলেন। অতঃপর পুনরায় সে আবূ বকর (রাঃ)-কে গালি দিলো এবং কষ্ট দিলো, কিন্তু তিনি কোনো জবাব না দিয়ে চুপ রইলেন। তৃতীয় বার সে আবূ বকর (রাঃ)-কে গালি ও কষ্ট দিলে এবার তিনি তার প্রতিশোধ নিলেন।

আবৃ বকর (রাঃ) যখন প্রতিশোধ নিলেন তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উঠে দাঁড়ালেন। আবৃ বকর (রাঃ) বললেন, হে আল্লাহর রাসূল! আপনি কি আমার উপর রাগ করেছেন? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আসমান থেকে একজন ফিরিশতা নেমেছিলেন এবং তোমার পক্ষ হয়ে জবাব দিচ্ছিলেন। কিন্তু যখন তুমি তার প্রতিশোধ নিলে তখন শয়তান এখানে উপস্থিত হয়েছে। শয়তান এখানে উপস্থিত হওয়ায়



আমি আর বসতে পারি না।[1]

হাসান।

## **English**

Narrated Sa'id ibn al-Musayyab:

While the Messenger of Allah (ﷺ) was sitting with some of his companions, a man reviled AbuBakr and insulted him. But AbuBakr remained silent. He insulted him twice, but AbuBakr controlled himself. He insulted him thrice and AbuBakr took revenge on him. Then the Messenger of Allah (ﷺ) got up when AbuBakr took revenge.

AbuBakr said: Were you angry with me, Messenger of Allah?

The Messenger of Allah (ﷺ) replied: An angel came down from Heaven and he was rejecting what he had said to you. When you took revenge, a devil came down. I was not going to sit when the devil came down.

ফুটনোট

[1]. আহমাদ, তাবারানী।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন